বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০২১-২৬

তারিখ : আশ্বিন ০৬, ১৪২৮ / সেপ্টেম্বর ২১, ২০২১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফার্ম নিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখ জুন ০২, ২০০২; সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-১৩, তারিখ জুন ২৯, ২০১৪; এফই সার্কুলার পত্র নং ২১, তারিখ জুন ০২, ২০২০ ও এফই সার্কুলার পত্র নং ২৯, তারিখ আগস্ট ১২, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। পূর্ববর্তী বছরগুলোর ন্যায় চলতি ২০২১-২০২২ অর্থবছরেও নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির আবেদনপত্র বাংলাদেশ ব্যাংক অনুমোদিত এবং সংশ্লিষ্ট ব্যাংকের নিয়োজিত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করানো যাবে। তবে নিরীক্ষা কার্য দ্রুত সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত ফার্ম নিয়োগের প্রয়োজন হলে সে বিষয়ে যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যসহ অডিট ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩